গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন-২ অধিশাখা

## ডে-কেয়ার সেন্টার পরিদর্শন প্রতিবেদন

পরিদর্শনকারী কর্মকর্তার নাম: মো: আব্দুল মান্নান

পদবী ও কর্মস্থল: উপসচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
পরিদর্শনের তারিখ: ১৪ জুন, ২০১৮খ্রি:।
পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম: বগুড়া ডে, কেয়ার সেন্টার, বগুড়া।

নিম্ন স্বাক্ষরকারী কর্তৃক গত ১৪ জুন, ২০১৮ তারিখ বগুড়া ডে-কেয়ার সেন্টার পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে ডে-কেয়ার অফিসার বেগম নূর আক্তার বানু এবং জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপস্থিত ছিলেন। পরিদর্শকালে সেন্টারের সার্বিক বিষয়াদি পর্যবেক্ষণ করা হয়। বিস্তারিত প্রতিবেদন নিচে উল্লেখ করা হলো:

**১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম:** বগুড়া ডে, কেয়ার সেন্টার, বগুড়া।

**২। উপকারভোগীর তথ্য:**

এ ডে-কেয়ার সেন্টারে নিম্নমধ্যবৃত্ত শ্রমজীবি মহিলাদের শিশুর দিবাযত্ন প্রদান করা হয়। এ সময় মহিলারা নির্ভয়ে নিজ নিজ কর্মস্থলে কাজ করতে পারেন। বছরের যে কোন সময়ে ছেলে-মেয়ে ভর্তির সুযোগ রয়েছে।

**৩। ধারণ ক্ষমতা এবং উপস্থিতি:**

এ ডে-কেয়ার সেন্টারে সর্বোচ্চ ৮০ জন ছেলে মেয়ে রাখা সম্ভব বলে ডে কেয়ার সেন্টারের কর্মকর্তা জানান। পরিদর্শনকালে ৪০ জন শিশু উপস্থিত ছিল।

**৪। ভর্তি রেজিস্টার:**

পরিদর্শনকালে ভর্তি রেজিস্টার পরীক্ষা করা হয়। এতে মোট ২৫৩ জন শিশু ভর্তি রয়েছে। ভর্তি রেজিস্টারে শিশুর বাবা মার নাম থাকলেও মোবাইল বা জরুরী যোগাযোগ সংক্রান্ত কোন তথ্য অন্তর্ভুক্ত নেই।

**৫। খাদ্র সামগ্রী হিসাব রেজিস্টার:** এ রেজিস্টার পরীক্ষা করে দেখা যায় যে, মে, ২০১৮ মাসের তথ্য হাল নাগাদ করা হয় নি।

**৬। ক্যাশ বাহি:** ইহা প্রত্যয়ন করা আছে এবং নিয়মিত হিসাব সংরক্ষণ করা হচ্ছে।

**৭। পর্যবেক্ষণ:** ডে কেয়ার সেন্টারের পরিবেশ সুন্দর ও পরিচ্ছন্ন। উপস্থিত বাচ্চদের হাসিখুসি দেখা যায়। নিয়মিত তদের খাদ্য প্রদান করা হয়ে থাক বলে শিশুরা জানান।

**৮। মন্তব্য:**

ক) খাদ্র সামগ্রী হিসাব রেজিস্টার হাল নাগাদ রাখার পরামর্শ দেয়া হলো।

খ) ভর্তি রেজিস্টারে শিশুর বাবা মার নাম ঠিকানাসহ মোবাইল নম্বর ও জরুরী যোগাযোগ সংক্রান্ত তথ্য অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হলো।

১৪/৬/২০১৮
(মো: আব্দুল মান্নান)
উপসচিব